

তাবির সেই প্রলয় গ্যাংয়ের দুইজনকে বহিষ্কার

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ২০:৩২, ২৮ মার্চ ২০২৩



ঢাকা বিশ্ববিদ্যালয়

অসদাচরণ ও শৃঙ্খলা পরিপন্থি কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) দুই শিক্ষার্থীকে থেকে সাময়িকভাবে বহিষ্কারের অনুমোদন দেওয়া হয়েছে।



6 দিনের মধ্যে রক্তনালী 18 বছর
বয়সের মতো হবে!
প্রতিদিন সকালে খালি পেটে এটি
করুন



6 দিনের মধ্যে রক্তনালী 18 বছর
বয়সের মতো হবে!
প্রতিদিন সকালে খালি পেটে এটি
করুন

মঙ্গলবার (২৮ মার্চ) ঢাবির উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এ অনুমোদন দেন।

বহিষ্কৃতরা হলেন- ন্যূবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী মো. নাইমুর রহমান দুর্জয়, কবি জসীম উদ্দীন হল, শিক্ষাবর্ষ ২০২০-২০২১ এবং অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস্‌ বিভাগের শিক্ষার্থী মো. সাকিব ফেরদৌস, স্যার এ এফ রহমান হল, শিক্ষাবর্ষ ২০২০-২০২১।

বহিষ্কৃত ওই শিক্ষার্থীকে ‘ঢাবি থেকে কেনো স্থায়ীভাবে বহিষ্কার করা হবে না’ মর্মে পত্রপ্রাপ্তির সাত কাষ্ঠদিবসের মধ্যে লিখিত জবাব দিতে বলা হয়েছে।

অভিযুক্তরা গত ২৫ মার্চ রাতে ঢাবির অপরাধ বিজ্ঞানের শিক্ষার্থী জোবায়ের হোসনকে মারধর করেন। প্রলয় গ্যাং নামে এ চক্রে ২০-২৫ জন শিক্ষার্থী জড়িত, তারা ক্যাম্পাস এলাকায় নিয়মিত চাঁদাবাজি, ছিনতাই ও নারীদের হেনস্তা করে বলে অভিযোগ উঠেছে।

